

দিনে কাজকর্ম বন্ধ, তাই রাতে পরীক্ষা দিল ৭০ পরীক্ষার্থী

গাজীপুর সংবাদদাতা ॥
কালিয়াকৈরে ৭০ জন পরীক্ষার্থী গতকাল
শনিবার সন্ধ্যা ৭টায় এইচএসসি'র ইংরেজী
দ্বিতীয় পরীক্ষায় অংশ নেয়।
ব্যতিক্রমধর্মী এই পরীক্ষায় অংশ নেয়
কালিয়াকৈর উপজেলার গোলকবাগানে
অবস্থিত গ্র্যাডুভেজিট ক্রীস্টান মিশন
কলেজের পরীক্ষার্থীরা। জানা যায়, ক্রীস্টান
ধর্মাবলম্বীরা সেভেন ডে ডিবেসে (৩১ মে)
দিনের বেলায় কোন কাজকর্ম করে না।
দীর্ঘদিনের এই ধর্মীয় বিশ্বাসের কারণে
গতকাল ক্রীস্টান মিশন কলেজের
পরীক্ষার্থীরা দিনের বেলায় পরীক্ষায় অংশ
নেয়নি। পরীক্ষার প্রস্তুতির যাতে তারা
জানতে না পারে সেজন্য গতকাল সকাল
৯টা থেকে সন্ধ্যা পর্যন্ত উপজেলা নির্বাহী
কর্মকর্তার সতর্কতনাকে পরীক্ষার্থীরা
পুলিশ প্রহরায় ছিল। বেলা ডোবার পর
সন্ধ্যা ৭টায় তাদের ইংরেজী ২য় পত্রের
পরীক্ষা শুরু হয়।